

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৫৩০

খোয়াই, ১০, জানুয়ারি, ২০২৪

২০ জানুয়ারি অদ্বৈত মল্লবর্মণের খোয়াই জেলাভিত্তিক ১১০ তম জন্মজয়ন্তী উদযাপন

আগামী ২০ জানুয়ারি পহরমুড়া বলাকা কমিউনিটি হলে কথা সাহিত্যিক অদ্বৈত মল্লবর্মণের খোয়াই জেলাভিত্তিক ১১০ তম জন্মজয়ন্তী উদযাপন করা হবে। এ উপলক্ষে গতকাল জেলা প্রশাসনের কনফারেন্স হলে খোয়াই জিলাপরিষদের সভাধিপতি জয়দেব দেববর্মার সভাপতিত্বে এক প্রস্তুতিসভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন, জিলা পরিষদের সহকারি সভাধিপতি হরিশঙ্কর পাল, খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন দেবশীষ নাথ শর্মা, প্রাক্তন বিধায়ক প্রশান্ত দেববর্মা, খোয়াই ব্লকের এসসি সাব কমিটির চেয়ারম্যান সমীর দাস, জেলাশাসক চাঁন্দনী চন্দ্রন, জেলা কল্যাণ আধিকারিক সুধাংশু সরকার সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় আরও সিদ্ধান্ত নেওয়া হয়, ১৭ জানুয়ারি জেলা কল্যাণ আধিকারিকের কার্যালয়ের উদ্যোগে সেলাই মেশিন বিতরণ করা হবে এবং জনজাতি লোকনৃত্য প্রতিযোগিতার আয়োজন করা হবে।

\*\*\*\*\*